দৈনিক ইনকিলাব

তারিখ: 11 MAY 2003
পৃষ্ঠা: ১৪

# সরকার শিক্ষাখাতে সবচেয়ে বেশী বরাদ্দ দিয়েছে

## ..................শিক্ষা প্রতিমন্ত্রী

**ফরিদগঞ্জ (চাঁদপুর) উপজেলা সংবাদদাতা ঃ** শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এহছানুল হক মিলন বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাখাতে সবচেয়ে বেশী বরাদ্দ দিয়েছে শুধুমাত্র নারী শিক্ষা ও সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষে। কারণ শিক্ষার কোন বিকল্প নেই। তিনি বলেন, ইতোমধ্যে সরকার পাবলিক পরীক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করেছেন, এখন আর পরীক্ষার হলে নকলের ছড়াছড়ি দেখা যায় না। কেন্দ্রের ভিতরে দলীয় নেতা-কর্মীদের উপদ্রব দেখা যায় না। তিনি বলেন আসন্ন এইচএসসি পরীক্ষাতেও নকল মুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের ব্যাপারে সরকার বদ্ধপরিকর। গত ৫ মে বিকালে ফরিদগঞ্জ উপজেলা বিএনপি আয়োজিত গাজীপুর উচ্চ বিদ্যালয় মাঠে মোঃ নুরুল ইসলাম পাটওয়ারীর সভাপতিত্বে এক বিরাট জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষা প্রতিমন্ত্রী উল্লেখিত কথাগুলো বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মৌলভীবাজার ৩ আসনের এমপি ও অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের ছেলে এম নাছের রহমান, বাফুফে সভাপতি এসএ সুলতান টিটু এমপি, জিএম ফজলুল হক এমপি ও ফরিদগঞ্জের ৪ বারের নির্বাচিত এমপি আলহাজ্ব আলমগীর হায়দার খান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- মোঃ সফিউদ্দিন আহমদ, শরীফ মোঃ ইউনুস, ফাইজুল করিম মমিন, আবদুল মান্নান, এডভোকেট দুলাল মিয়া পাটওয়ারী, সভাপতি উপজেলা বিএনপি, মোঃ জয়নাল আবেদীন, সাধারণ সম্পাদক উপজেলা বিএনপি মোঃ মজিল হোসেন, চেয়ারম্যান ১৩ নং ইউপি আযম গাজী, নজরুল ইসলাম, আমান উল্যা ও আমানত গাজী। সভা পরিচালনা করেন মজিবুর রহমান, আহ্বায়ক উপজেলা যুবদল। স্থানীয় এমপি তার বক্তব্যে শুধুমাত্র তার রোগ মুক্তির জন্য দেশের সকলের দোয়া কামনা করেন।